গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দুর্গাপুর, রাজশাহী
www.durgapur.rajshahi.gov.bd

স্মারক নং ০৫.৪৩.৮১৩১.০০০.০৭.০১৯.২৩. ৮৪

তারিখঃ ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০১/০২/২০২৩ খ্রি.

## ঃ হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি ঃ

এতদ্বারা প্রকৃত হাট ব্যবসায়ী/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দুর্গাপুর উপজেলাধীন নিম্ন তফসিলভুক্ত সরকারি হাট-বাজারসমূহ বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত এক বছর মেয়াদে অস্থায়ী ভিত্তিতে ইজারা/বন্দোবস্ত দেয়া হবে। ইচ্ছুক দরদাতাগণ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার (ভূমি), দুর্গাপুর, রাজশাহী/অফিসার-ইন-চার্জ, দুর্গাপুর থানা/সোনালী ব্যাংক লিঃ, দুর্গাপুর শাখা/জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) কার্যালয় হতে তফসিলে উল্লিখিত তারিখের মধ্যে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) অফিস চলাকালীন সময়ে দরপত্র সিডিউল ক্রয় করতে পারবেন। দরপত্রসমূহ নির্ধারিত তারিখে সকাল ৯:০০টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়সহ সহকারী কমিশনার(ভূমি), দুর্গাপুর, রাজশাহী এবং জেলা প্রশাসক, রাজশাহী মহোদয়ের (স্থানীয় সরকার শাখা) ও পুলিশ সুপার, রাজশাহী মহোদয়ের কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩:০০ ঘটিকার সময় দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে খোলা হবে। বিজ্ঞপ্তিসহ বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে এবং ওয়েব সাইট www:durgapur.rajshahi.gov.bd হতে ডাউনলোড করা যাবে।

" তফসিল" (হাট-বাজার ইজারার ক্যালেন্ডার)

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | অবস্থান ( ইউনিয়ন অনুযায়ী) | ১৪৩০ বাংলা সনের সরকারি ধর্তব্য মূল্য | দরপত্র সিডিউল মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ (অফিস চলাকালীন সময় পর্যন্ত) | দরপত্র দাখিলের তারিখ (সকাল ৯:০০টা হতে দুপুর ১:০০টা পর্যন্ত ) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | কানপাড়া হাট | জয়নগর ইউনিয়ন | ১৮,৩৯,১০০.০০ | ৪,৪০০.০০ | ১ম বার ১৫/০২/২০২৩<br>২য় বার ২৮/০২/২০২৩<br>৩য় বার ১৫/০৩/২০২৩<br>৪র্থ বার ০২/০৪/২০২৩ | ১ম বার ১৬/০২/২০২৩<br>২য় বার ০১/০৩/২০২৩<br>৩য় বার ১৬/০৩/২০২৩<br>৪র্থ বার ০৩/০৪/২০২৩ |
| ০২ | দাওকান্দি হাট | | ১৫,৮৮,৯৪০.০০ | ৩,৮০০.০০ | | |
| ০৩ | জয়নগর হাট | | ৫,৯৪৭.০০ | ৫০০.০০ | | |
| ০৪ | কালীগঞ্জ হাট | | ৯,৩৬,৬৮৭.০০ | ২,৬০০.০০ | | |
| ০৫ | পানানগর হাট | পানানগর ইউনিয়ন | ১১,৮৪৮.০০ | ৫০০.০০ | | |
| ০৬ | তেবিলা হাট | | ৫৮৩.০০ | ৫০০.০০ | | |
| ০৭ | বেলঘরিয়া হাট | | ১৭,৩৩১.০০ | ৫০০.০০ | | |
| ০৮ | আলীপুর হাট | নওপাড়া ইউনিয়ন | ৩,২০,১৫৬.০০ | ১,৪০০.০০ | | |
| ০৯ | শ্যামপুর হাট | | ২৫,১৫৮.০০ | ৫০০.০০ | | |
| ১০ | গোপালপুর হাট | | ৬,২০,২৭৯.০০ | ২,০০০.০০ | | |
| ১১ | পাঁচুবাড়ী হাট | দেলুয়াবাড়ী ইউনিয়ন | ৮২,৪০১.০০ | ৫০০.০০ | | |
| ১২ | আমগাছি হাট | ঝালুকা ইউনিয়ন | ৩,৩২,১৩৪.০০ | ১,৪০০.০০ | | |

১৪৩০ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী :

০১। বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত এক বৎসরের মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে "উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, রাজশাহী"র অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হবার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত **১০% আয়কর এবং ১৫% ভ্যাট** অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে। অন্যথায় হাটের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে তবে উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্যের উপর ৬% বৃদ্ধিতে অর্থাৎ "সরকারি ধর্তব্য মূল্য" হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

০৮। প্রত্যেক হাটের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিনশত মাত্র) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক নিজ উদ্যোগে, নিজ খরচে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শণ রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪। দরপত্রের প্রদত্ত মূল্যে ও অংকে কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা গ্রহণযোগ্য হবে না।
১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯। ১ম বারে ইজারা প্রদান সম্ভব না হলে দরপত্রে উল্লিখিত পরবর্তী তারিখ সমূহে ক্রমান্বয়ে ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

০১.০২.২০২৩

(মোঃ সোহেল রানা)
উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর, রাজশাহী
ফোন নং ০২৫৮৮-৮৬৮৮০১
unodurgapurrajshahi@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দূর্গাপুর, রাজশাহী

স্মারক নং ০৫.৪৩.৮১৩১.০০০.০৭.০১৯.২৩.৮৪

তারিখঃ ১৮ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
০১/০২/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরিত হলো :

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
০৪। জেলা প্রশাসক, রাজশাহী।
০৫। পুলিশ সুপার, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ অনুযায়ী দরপত্র গ্রহণের দিনে টেন্ডার বাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
০৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব), রাজশাহী।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

০৮। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ অনুযায়ী সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহণের দিনে টেন্ডার বাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দূর্গাপুর, রাজশাহী।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ............................................................(সকল), রাজশাহী।
১১। সহকারী কমিশনার(ভূমি), দূর্গাপুর। তাঁকে ধার্য তারিখ অনুযায়ী সিডিউল বিক্রয় এবং দরপত্র গ্রহণের দিনে টেন্ডার বাক্স সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো
১২। মেয়র, দূর্গাপুর পৌরসভা, দূর্গাপুর, রাজশাহী।
১৩। উপজেলা ............................................................................অফিসার, দূর্গাপুর, রাজশাহী।
১৪। অফিসার ইনচার্জ, দূর্গাপুর থানা, রাজশাহী। তাঁকে ধার্য তারিখ অনুযায়ী দরপত্র বিক্রয়ের শেষ দিনে এবং দরপত্র গ্রহণের দিনে সকাল ০৯.০০ টা হতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক পুলিশ ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ জানানো হলো।
১৫। চেয়ারম্যান, ................................................................(সকল) ইউনিয়ন পরিষদ, দূর্গাপুর, রাজশাহী।
১৬। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, দূর্গাপুর শাখা, রাজশাহী।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,............................................ইউনিয়ন ভূমি অফিস, দূর্গাপুর। তাঁকে তার আওতাধীন হাট-বাজারে বিজ্ঞপ্তিটি ঢোল শহরত ও মাইকযোগে/ হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি জারী করে জারীর প্রতিবেদন দরপত্র গ্রহণের পূর্বেই এ অফিসে দাখিলের জন্য অনুরোধ করা হলো।
১৮। ইজারাদার,..............................................................................................হাট-বাজার, দূর্গাপুর, রাজশাহী।
১৯। পোস্ট মাস্টার, দূর্গাপুর, রাজশাহী।
২০। সম্পাদক, দৈনিক ...............................................,......................................... রাজশাহী। তাঁর পত্রিকায় ১১ ফন্টে ৪ x ৮ কলামে ভিতরের পাতায় বিজ্ঞপ্তিটি একদিনের জন্য প্রকাশ করে (বিলসহ) পেপার কার্টিং প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
২১। অফিস কপি।

০১-০২-২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
দূর্গাপুর, রাজশাহী